

আন্তর্জাতিক বঙ্গবিদ্যা সমিতি বাংলাদেশ
(International Society of Bengal Studies Bangladesh)

কার্যনির্বাহী পরিষদের সভা

২৫-০৩-২-১৫

ঢাকা বিশ্ববিদ্যালয়

২৫ মার্চ, ২০১৫ বিকেল ৫-০০টায় 'আন্তর্জাতিক বঙ্গবিদ্যা সমিতি' বাংলাদেশ শাখার কার্যনির্বাহী পরিষদের এক সভা ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের মুহম্মদ আবদুল হাই স্মৃতি পাঠকক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন 'আন্তর্জাতিক বঙ্গবিদ্যা সমিতি' বাংলাদেশ শাখার সভাপতি অধ্যাপক আনিসুজ্জামান। সভায় উপস্থিত কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ :

১. অধ্যাপক আনিসুজ্জামান

৮. ড নীরু শামসুন নাহার

২. অধ্যাপক বেগম আকতার কামাল

৯. অধ্যাপক রতন সিদ্দিকী

৩. অধ্যাপক মাসুদুজ্জামান

১০. মনজুরুর রহমান

৪. অধ্যাপক চঞ্চল কুমার বোস

১১. অধ্যাপক কাবেরী গায়েন

৫. বাবুল বিশ্বাস

১২. অধ্যাপক রফিকউল্লাহ খান

৬. ড. মিল্টন বিশ্বাস

৭. ড. সেলু বাসিত

সিদ্ধান্তসমূহ:

১. সভায় উপদেষ্টামণ্ডলি ও বিভিন্ন কমিটিসমূহ অনুমোদন করা হয়।
২. আজকের সভায় সর্বসম্মতিক্রমে নতুন ব্যাংক এ্যাকাউন্ট খোলার বিষয়ে সিদ্ধান্ত হয়। এ্যাকাউন্টটি সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ পরিচালনা করবেন। যেকোন দুজনের স্বাক্ষরে হিসাব

পরিচালনা করা যাবে। এ্যাকাউন্টটি ‘আন্তর্জাতিক বঙ্গবিদ্যা সমিতি বাংলাদেশ’ (International Society of Bengal Studies Bangladesh) নামে অভিহিত হবে।

3. কার্যনির্বাহী পরিষদের সকল সদস্যের মধ্যে তিন ভাগের এক ভাগ উপস্থিতিতে সভা অনুষ্ঠান করা যাবে এবং সিদ্ধান্তসমূহ অনুমোদিত হবে।
4. বিভিন্ন উপ-পরিষদ ও নির্বাহী পরিষদের মেয়াদকাল ২ বছর। নতুন কমিটি না হওয়া পর্যন্ত এ কমিটি কাজ করবে।
5. বাংলাদেশ চ্যাপ্টারের নির্বাহী পরিষদ ও উপ-পরিষদের একটি পরিচিতিমূলক বুকলেট মুদ্রণের সিদ্ধান্ত গৃহীত হয়।
6. বাংলাদেশ শাখার উদ্যোগে ২০১৫ সালে একটি জাতীয় সেমিনারের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
7. তহবিল সংগ্রহের জন্য জীবন সদস্য যাঁরা হবেন তাঁদের এককালীন চাঁদার হার ৫০০০/- টাকা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
8. বাংলাদেশ চ্যাপ্টারের জন্য প্যাড, চাঁদার রশিদ, আইডি কার্ড মুদ্রণ ইত্যাদির সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।